

ক্যাম্পাসের দাবিতে রবি শিক্ষকদের মানববন্ধন

সিরাজগঞ্জ ও শাহজাদপুর প্রতিনিধি
২৭ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক **আমাদের সময়**



সিরাজগঞ্জে রবীন্দ্র বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের দাবিতে মানববন্ধন করেছেন রবি শিক্ষকরা। গতকাল শনিবার সকালে শাহজাদপুরে ঢাকা-পাবনা মহাসড়কের বিসিক এলাকায় বাংলাদেশে এর স্থায়ী ক্যাম্পাস নির্মাণে ডিপিপির দ্রুত অনুমোদন ও পূর্ণ বাস্তবায়নের দাবিতে এ মানববন্ধন করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা। রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের অঙ্গস্থায়ী একাডেমিক ভবন-৩ এর সামনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়, যা চলে দুপুর ১২টা পর্যন্ত। এ সময় কালো ব্যাজ ধারণ করে বিভিন্ন রকমের স্লোগান দেন শিক্ষার্থীরা।

মানববন্ধনে বক্তারা বলেন, দীর্ঘ ৯ বছর হলো বিশ্ববিদ্যালয় স্থাপিত হলেও বিভিন্ন অজুহাতে আটকে আছে স্থায়ী ক্যাম্পাস নির্মাণ। এতে পড়াশোনায় বিঘ্ন ঘটার পাশাপাশি নানা সমস্যায় পড়েছেন শিক্ষার্থী ও শিক্ষকরা। দ্রুত দাবি বাস্তবায়ন না হলে আরও কঠোর কর্মসূচিরও হুশিয়ারি দেন তারা।